



বাহিরে বের হওয়ার আগে যে বিষয়গুলো মনে রাখতে হবে।

১। বাহিরে যাওয়ার সময় ও গণপরিবহণে যাওয়ার সময়

প্রাত্যহিক কাজের জন্য ঘর থেকে বাহিরে যেমন সুপার-মার্কেট কিংবা গণপরিবহণে যেতে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। দয়া করে অন্যান্যদের থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন এবং বাহিরে থেকে আসলে ভালোভাবে হাত ধুয়ে নিন।

২। হাসপাতাল বা মেডিকেল কলেজ ভ্রমণের ক্ষেত্রে

অবশ্যই মাস্ক ব্যবহার করুন। যতদূর সম্ভব সাবওয়ে (Subway) ও বাস ব্যবহার করা হতে বিরত থাকুন। সর্বোপরি, জনগণের ভিড় থেকে দূরে থাকুন। ডাক্তারদেরকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করুন ও প্রয়োজনে তাদের সাথে সহযোগিতা করুন।

৩। ভ্রমণের ক্ষেত্রে সতর্কতা

কোন স্থান ভ্রমণের পূর্বে জেনে নিন যে সেই স্থান করোনা ভাইরাস আক্রান্ত এলাকা কিনা।

ভ্রমণের সময় নিরাপদ দূরত্ব বজায় রাখুন, নিয়মিত মাস্ক পড়ুন এবং নিয়মিত সময় পর পর পরিবর্তন করুন।

৪। অন্যান্য শহর থেকে ঘুরে আশার সময়

অন্যান্য শহর থেকে ঘুরে আশার সময় নিকটস্থ মহল্লা অফিসে গিয়ে রেজিস্ট্রেশন করে ১৪ দিন পর্যন্ত নিরীক্ষণ করতে হবে। এই সময়ব্যাপী শরীরের তাপমাত্রা পরীক্ষা করে দেখতে হবে, আলো-বাতাস-সম্পন্ন রুমে থাকতে হবে এবং পরিবারের সদস্যদের সঙ্গে যতোটা সম্ভব কম মিশতে হবে।

